

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.২০৬৮


তারিখঃ ০৮ অক্টোবর, ২০২৪ খ্রি.

বিষয়: সুফলভোগী সদস্যদের নিকট থেকে পোস্ট ডেটেড চেক গ্রহণ ও সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় ৫০ হাজার টাকা বা তদুর্ধ্ব ক্ষুদ্র ঋণ এবং উদ্যোক্তা ঋণের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার ৫.১৪ ও ৫.১৯ (৩) অনুচ্ছেদ মোতাবেক ০২ টি করে পোস্ট ডেটেড চেক গ্রহণ এবং গৃহীত পোস্ট ডেটেড চেক সংরক্ষণের বিষয়ে একই নির্দেশিকার ৫.২৪ অনুচ্ছেদে পরিষ্কার নির্দেশনা প্রদান করা হয়েছে। তথাপি উপজেলা পরিদর্শনকালে পোস্ট ডেটেড চেক গ্রহণ ও সংরক্ষণের ক্ষেত্রে প্রদত্ত নির্দেশনার ব্যত্যয় পরিলক্ষিত হচ্ছে। ফলশ্রুতিতে সুফলভোগীদের জমাকৃত চেক অপব্যবহার করে অর্থ আত্মসাতের মতো গুরতর আর্থিক অনিয়ম সংঘটিত হচ্ছে। এমতাবস্থায় পোস্ট ডেটেড চেক গ্রহণ ও সংরক্ষণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- ৫০ হাজার টাকা বা তদুর্ধ্ব ক্ষুদ্র বা উদ্যোক্তা ঋণ বিতরণকালে সংশ্লিষ্ট সুফলভোগী নিজে ইউআরডিও এর নিকট ২(দুই) টি পোস্ট ডেটেড চেক স্বাক্ষরপূর্বক জমা দিবেন। ইউআরডিও তাৎক্ষণিক ভাবে উক্ত ২টি চেক কর্মচারীদের সহায়তায় একাউন্স পেয়ী সিল এবং 'IRESPPW (LOAN FUND), BRDB' শিরোনামের সিল লাগিয়ে হিসাব সহকারীর জিম্মায় সংরক্ষণ করবেন;
- একটি রেজিস্টারে গৃহীত পোস্ট ডেটেড চেকের নম্বর উল্লেখ পূর্বক হিসাব সহকারী, এআরডিও ও ইউআরডিও এর স্বাক্ষর গ্রহণ করতে হবে;
- গৃহীত চেকের পাতায় ছিদ্র করা বা পিন লাগানো যাবে না, স্বয়ংক্রিয় হিসাব সহকারীর নিকট নিরাপদে সংরক্ষণ করতে হবে। জমাকৃত চেক হারিয়ে গেলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট হিসাব সহকারীকে বহন করতে হবে।
- যে চেক দুটো পোস্ট ডেটেড চেক হিসাবে অফিসে সংরক্ষণ করা হয়েছে তার নম্বর সংশ্লিষ্ট সুফলভোগীর পাশ বহিতে (নতুন ঋণ এন্টির পরে গৃহীত পোস্ট ডেটেড চেকের নাম্বার লিখতে হবে) লিপিবদ্ধ করে হিসাব সহকারী, এআরডিও ও ইউআরডিও স্বাক্ষর করবেন;
- ঋণ পরিশোধ হলে বর্ণিত ২টি পোস্ট ডেটেড চেক সংশ্লিষ্ট রেজিস্টারে সুফলভোগীদের স্বাক্ষর গ্রহণপূর্বক ফেরত প্রদান করতে হবে;

উল্লিখিত নির্দেশনাবলী যথাযথ ভাবে প্রতিপালন পূর্বক সুফলভোগীদের ঋণের বিপরীতে গৃহীত পোস্ট ডেটেড চেক সুষ্ঠু ও নিরাপদে সংরক্ষণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪
ইমেইল:-iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

উপজেলা....., জেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- উপপরিচালক, বিআরডিবি, জেলা:..... (প্রকল্পভুক্ত সকল জেলা)
- প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- পরিচালক (পরিকল্পনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- অফিস নথি।